কেবলমাত্র অফিসের কাজে ব্যবহারের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঃ রাজ্জাক
প্রশাসনিক কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের শাখাসমূহের কার্যাবলী এবং কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আ. মাজ্জাক
প্রশাসনিক কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

নং সবিম/প্রঃ-২/৯ক.আ.প্র-০২/২০০৯/

তারিখ ঃ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ / ডিসেম্বর ২০০৯ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

সচিবালয় নির্দেশমালা, ২০০৮ এর ৭নং নির্দেশানুসারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের শাখাসমূহের মধ্যে কর্মবন্টন (Work Distribution) এবং কর্মকর্তাদের মধ্যে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণের বিষয়ে ২৮-০৬-২০০৪ তারিখের সবিম/প্রঃ২-১কব-১/২০০০/৫৫৪ এবং ২১-৬-২০০০ তারিখের সবিম/প্র-২/১কব-১/২০০০/৯৮৮ নং অফিস স্মারক বাতিল করে পরিশিষ্ট-ক মোতাবেক অধিশাখা ও শাখাসমূহের মধ্যে কার্যাবলী পুনর্বন্টন এবং পরিশিষ্ট-খ মোতাবেক কর্মকর্তাদের উপর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারি বিধি/বিধান ও প্রাসংগিক নির্দেশনা অনুসরণপূর্বক স্ব-স্ব দায়িত্বাধীন কার্যাবলী সম্পাদন করবেন।

০২। ক্ষমতা অর্পণ আদেশে কোন বিষয়ে সুস্পষ্টভাবে উল্লেখ না থাকলে তা আবশ্যিকভাবে সচিবের এখতিয়ারাধীন থাকবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(হেদায়েতুল্লাহ আল মামুন)
সচিব

# কর্মবন্টন তালিকা

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| | অধিশাখা-১ |
| ১ | শাখা-১ ও হিসাব শাখার কার্যাবলী |
| | অধিশাখা-২ |
| ২ | শাখা-৪ এর কার্যাবলী |
| | অধিশাখা-৩ |
| ৩ | শাখা-৬ এর কার্যাবলী |
| | সংস্কৃতি উপদেষ্টা |
| ৪ | শাখা-৫ ও শাখা-৭ এর কার্যাবলী |
| | প্রশাসন অধিশাখা-২ |
| ৫ | প্রশাসন-২ এর কার্যাবলী |
| | অধিশাখা-৪ |
| ৬ | শাখা-৩ এর কার্যাবলী |
| | |
| | পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা |
| ৭ | পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১,২ ও ৩ এর কার্যাবলী |

# কর্মবণ্টন তালিকা

## প্রশাসন শাখা-১

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | মন্ত্রিপরিষদ বিভাগে ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ এবং মাসিক কার্যবিবরণী প্রেরণ। |
| ২ | সংসদ সম্পর্কিত কার্যাবলী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির কার্যাবলী, সংসদে বছরের ১ম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ তৈরি, অধিবেশন চলাকালীন সকল কার্যক্রম সম্পাদন ও কাউন্সিল অফিসারের দায়িত্ব পালন। |
| ৩ | একুশে পদকের জন্য মনোনয়ন ও একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন সংক্রান্ত যাবতীয় কাজ। |
| ৪ | স্বাধীনতা পদকের জন্য মনোনয়ন, স্বাধীনতা দিবস (২৬শে মার্চ) উদ্‌যাপন এবং বিজয় দিবস (১৬ই ডিসেম্বর) উদ্‌যাপন সম্পর্কিত যাবতীয় কাজ। |
| ৫ | বিজ্ঞান প্রযুক্তি পদকের জন্য মনোনয়ন ও বেগম রোকেয়া পদকের জন্য মনোনয়ন। |
| ৬ | সংস্কৃতি বিষয়ক আন্তর্জাতিক পুরস্কারের জন্য মনোনয়ন। |
| ৭ | বিভিন্ন পদক বিতরণ সম্পর্কিত যাবতীয় কাজ। |
| ৮ | জাতীয় পর্যায়ে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন এবং জাতীয় পর্যায়ে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন। |
| ৯ | স্মারক মুদ্রা প্রস্তুত সম্পর্কিত কার্যাবলী। |
| ১০ | ১লা বৈশাখ বাংলা নববর্ষ এবং অন্যান্য জাতীয় দিবস উদ্‌যাপন সম্পর্কিত যাবতীয় কাজ। |
| ১১ | মন্ত্রণালয়ের লজিষ্টিক সাপোর্টের বিভিন্ন দ্রব্যসামগ্রী ক্রয়, সংগ্রহ ও বিতরণ, অকেজো মালামাল বিক্রি, কনডেমনেশন কমিটি, টেলিফোন, ফ্যাক্স, টেলিভিশন, ফটোকপিয়ার, গেস্টেটনার মেশিন, টাইপরাইটার, আসবাবপত্র, পত্রিকা সরবরাহ ও রক্ষণাবেক্ষণ, মন্ত্রণালয়ের গাড়ী ব্যবহার ও জ্বালানী সংগ্রহ ইত্যাদি। |
| ১২ | মাননীয় মন্ত্রীর স্বেচ্ছাধীন তহবিল। |
| ১৩ | মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি বাস্তবায়ন মনিটরিং। |
| ১৪ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা/জরিপ প্রতিবেদন প্রণয়নের জন্য অর্থ মন্ত্রণালয় চাহিত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত তথ্য, পরিসংখ্যান প্রদান। |
| ১৫ | লাইব্রেরী সংক্রান্ত কাজ। |
| ১৬ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

**প্রশাসন শাখা-২**

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | মাসিক সমন্বয় সভা, এবং সমন্বয় সভার কার্যবিবরণী প্রস্তুত ও প্রেরণ। |
| ২ | কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রধানমন্ত্রী/মন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। |
| ৩ | গুরুত্বপূর্ণ অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রণয়ন ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ। |
| ৪ | সচিব কমিটির সভার সিদ্ধান্তের প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ। |
| ৫ | মন্ত্রণালয়ের কর্মচারীগণের নিয়োগ, বদলী, অর্জিত ছুটি মঞ্জুর, শৃঙ্খলাজনিত কেইস প্রক্রিয়াকরণ, প্রবেশপত্রের ব্যবস্থা করা, সার্ভিস বুক সংরক্ষণ, এ.সি.আর সংরক্ষণ, প্রশিক্ষণের ব্যবস্থা করা। |
| ৬ | মন্ত্রণালয়ের টি.ও.এন্ড.ই পদ সৃস্টি, সংরক্ষণ। |
| ৭ | মন্ত্রণালয়ের কর্মচারীগণের ইনক্রিমেন্ট/টাইমস্কেল প্রদান, বাসা বরাদ্দ, গৃহ নির্মাণ ঋণ/ মটর কার, মটর সাইকেল, সাইকেল অগ্রিম প্রদান। |
| ৮ | মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের অধিশাখা/শাখায় পোস্টিং, বার্ষিক মেডিক্যাল রিপোর্ট, অর্জিত ছুটি, নৈমিত্তিক ছুটির হিসাব রাখা, কর্মকর্তাদের ডোসিয়ার সংরক্ষণ করা, প্রশিক্ষণের ব্যবস্থা করা, প্রবেশপত্রের ব্যবস্থা করা। |
| ৯ | মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের দৈনিক হাজিরা সংক্রান্ত কাজ। |
| ১০ | বিভিন্ন সার্কুলার জারীকরণ। |
| ১১ | মন্ত্রিপরিষদের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন মনিটরিং করা। |
| ১২ | গ্রহণ ও প্রেরণ-এর কাজকর্ম, সার্ভিস স্ট্যাম্প ব্যবহার ও হিসাব সংরক্ষণ। |
| ১৩ | আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী কার্য সম্পাদন। |
| ১৪ | নিরাপত্তাজনিত কার্যাবলী। |
| ১৫ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

**শাখা-৩**

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রশাসনিক কাজ। |
| ২ | কপিরাইট অফিসের প্রশাসনিক কাজ। |
| ৩ | Intellectual Property Rights (IPR) সংক্রান্ত যাবতীয় কর্মকাণ্ড, কপিরাইট আইন সংক্রান্ত কাজ, আন্তর্জাতিক সংস্থা-ওয়াইপো (World Intellectual Property Organization) সংক্রান্ত চুক্তি/কনভেনশনে বাংলাদেশের যোগদান এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন। |
| ৪ | UNESCO, SAARC এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সম্পর্কিত সংশ্লিষ্ট কাজ সম্পাদন। |
| ৫ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের প্রশাসনিক কাজ, রাজস্ব বাজেটের অর্থ ছাড়করণ। |
| ৬ | নজরুল ইন্সটিটিউটের প্রশাসনিক কাজ, রাজস্ব বাজেটের অর্থ ছাড়করণ। |
| ৭ | অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের নিয়োগ সংক্রান্ত কাজ। |

| ক্রমিক নং | বিষয় |
| --- | --- |
| ৮ | মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর মাজার/স্মৃতিসৌধের রক্ষণাবেক্ষণের জন্য অর্থ ছাড়করণ। |
| ৯ | উল্লিখিত দপ্তর/সংস্থাসমূহের অডিট প্রতিবেদনসমূহের জবাবের উপর মন্ত্রণালয়ের মন্তব্য প্রদান সংক্রান্ত কাজ। |
| ১০ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## শাখা-৪

| ক্রমিক নং | বিষয় |
| --- | --- |
| ১ | গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রশাসনিক কাজ। |
| ২ | জাতীয় গ্রন্থকেন্দ্রের প্রশাসনিক কাজ। |
| ৩ | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্রের সংশ্লিষ্ট বইমেলা সংক্রান্ত কার্যাবলী। |
| ৪ | বেসরকারী পাঠাগার খাতে রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অনুদান হতে দেশের বিভিন্ন পাঠাগারসমূহকে অনুদান মঞ্জুরী। |
| ৫ | জাতীয় গ্রন্থনীতি ও গ্রন্থাগার নীতি সংক্রান্ত কার্যাদি। |
| ৬ | অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার বাজেটের অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাদি। |
| ৭ | অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের নিয়োগ সংক্রান্ত কাজ। |
| ৮ | UNESCO, SAARC এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সম্পর্কিত সংশ্লিষ্ট কাজ সম্পাদন। |
| ৯ | উল্লিখিত দপ্তর/সংস্থাসমূহের অডিট প্রতিবেদনমূহের জবাবের উপর মন্ত্রণালয়ের মন্তব্য প্রদান সংক্রান্ত কাজ। |
| ১০ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## শাখা-৫

| ক্রমিক নং | বিষয় |
| --- | --- |
| ১ | বিভিন্ন দেশের সঙ্গে সাংস্কৃতিক চুক্তি স্বাক্ষর ও বাস্তবায়ন সংক্রান্ত কাজ। |
| ২ | বিদেশী সাংস্কৃতিক দলের বাংলাদেশ সফর এবং বাংলাদেশ সাংস্কৃতিক দলের বিদেশ সফর ও প্রশাসন সংক্রান্ত কাজ। |
| ৩ | বেসরকারী উদ্যোগে বিদেশী সাংস্কৃতিক দলের বাংলাদেশ সফরের অনুমতি প্রদান। |
| ৪ | সংস্কৃতি ক্ষেত্রে বিদেশী বৃত্তি প্রদান। |
| ৫ | বাংলাদেশ ও বিদেশী দেশসমূহের সাথে বিভিন্ন চারুকলা প্রদর্শনী বিনিময়। |
| ৬ | UNESCO, SAARC এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সম্পর্কিত সংশ্লিষ্ট কাজ সম্পাদন। |
| ৭ | চুক্তি বাস্তবায়নের আওতায় ব্যয় অডিট প্রতিবেদনসমূহের জবাবের উপর মন্ত্রণালয়ের মন্তব্য প্রদান সংক্রান্ত কাজ। |
| ৮ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## শাখা-৬

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের প্রশাসনিক কাজ। |
| ২ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রশাসনিক কাজ। |
| ৩ | বাংলা একাডেমীর প্রশাসনিক কাজ। |
| ৪ | এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ এর প্রশাসনিক কাজ। |
| ৫ | অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার বাজেটের অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাদি। |
| ৬ | অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের নিয়োগ সংক্রান্ত কাজ। |
| ৭ | ঐতিহ্য সংরক্ষণ ব্যয় এর অনুদান মঞ্জুরী সংক্রান্ত কাজ। |
| ৮ | UNESCO, SAARC এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সম্পর্কিত সংশ্লিষ্ট কাজ সম্পাদন। |
| ৯ | উল্লিখিত দপ্তর/সংস্থাসমূহের অডিট প্রতিবেদনমূহের জবাবের উপর মন্ত্রণালয়ের মন্তব্য প্রদান সংক্রান্ত কাজ। |
| ১০ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## শাখা-৭

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রশাসনিক কাজ। |
| ২ | উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাংগামাটি ও বান্দরবান এবং উপজাতীয় কালচারাল একাডেমী বিরিশিরি, নেত্রকোনা এবং কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র-এর প্রশাসনিক কাজ। |
| ৩ | অধীনস্থ দপ্তর/সংস্থা প্রধানদের নিয়োগ সংক্রান্ত কাজ। |
| ৪ | উল্লিখিত প্রতিষ্ঠানগুলির রাজস্ব বাজেটের অর্থ ছাড়করণ। |
| ৫ | ৩-৩৪০৫ স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান ৩১৪০ চারুশিল্প, থিয়েটার ইত্যাদি ৪৯০০ সাহায্য মঞ্জুরী ৫৯০১ সাধারণ মঞ্জুরী খাত হতে সংস্কৃতিসেবী প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান। |
| ৬ | ০৯২১ অবসর ভাতা ব্যবস্থাপনা-৬৩০০ অবসর ভাতা ও আনুতোষিক ৬৩২১ প্রশংসাযোগ্য ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য অবসর ভাতা প্রদান খাত হতে সংস্কৃতিসেবীদের মাসিক কল্যাণ ভাতা প্রদান। |
| ৭ | বাংলাদেশ সংস্কৃতিসেবী কল্যাণ ফাউন্ডেশন। |

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ৮ | বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট। |
| ৯ | দেশের বিশিষ্ট কবি, সাহিত্যিক ও সংস্কৃতিসেবীদের জীবনকোষ/ডাইরেক্টরী প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ। |
| ১০ | UNESCO, SAARC এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা সম্পর্কিত সংশ্লিষ্ট কাজ সম্পাদন। |
| ১১ | উল্লিখিত দপ্তর/সংস্থাসমূহের অডিট প্রতিবেদনমূহের জবাবের উপর মন্ত্রণালয়ের মন্তব্য প্রদান সংক্রান্ত কাজ। |
| ১২ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## হিসাব শাখা

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | মন্ত্রণালয়ের হিসাব সংক্রান্ত যাবতীয় কাজ। |
| ২ | মন্ত্রণালয়ের বাজেট প্রণয়ন ও বাজেট সংক্রান্ত সকল কাজ এবং অধীনস্থ দপ্তর/ অধিদপ্তর/সংস্থার বাজেট সমন্বয়, বাজেট ব্যবস্থাপনা কমিটি ও ওয়ার্কিং কমিটির কার্যাদি। |
| ৩ | মন্ত্রণালয়ের ষ্টাফদের পে-বিল, ইনক্রিমেন্ট, ভ্রমণ বিল, অন্যান্য বিল, অফিসারদের বিল প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ ও চেক সংগ্রহপূর্বক বিতরণ, বিল রেজিষ্টার ও ক্যাশ রেজিষ্টার সংরক্ষণ করা, ত্রৈমাসিক, যান্মাষিক ও বাৎসরিক হিসাব প্রণয়ন। |
| ৪ | মন্ত্রণালয়ের অডিট সংক্রান্ত কাজ এবং ত্রিপক্ষীয় অডিট কমিটি ও পাবলিক এ্যাকাউন্টস অডিট কমিটি সমন্বয় সংক্রান্ত কাজ। |
| ৫ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুয়ায়ী অন্যান্য কাজ। |

## পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী। |
| ২ | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নের উপর মসিক পর্যালোচনা সভা অনুষ্ঠান। |
| ৩ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী, জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক পেশকৃত প্রকল্পের পরীক্ষা-নিরীক্ষা, প্রক্রিয়াকরণ ও চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ, প্রকল্পের অনুকূলে অর্থ বিমুক্তি/ছাড়করণ, প্রকল্পের পদ সৃষ্টি এবং উন্নয়ন বাজেটের পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তরকরণ কার্যাবলী। |

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ৪ | বিদেশী দাতা সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট সংস্থার প্রকল্পসমূহের বিষয়ে যোগাযোগ রক্ষা করা। |
| ৫ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়ন, তদারকীকরণ, পরিদর্শন এবং প্রকল্প সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনসহ সরকারের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা। |
| ৬ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহের সঙ্গে যুক্ত প্রশিক্ষণ, ভ্রমণ ও ক্রয় সংক্রান্ত কার্যাবলী। |
| ৭ | প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ। |
| ৮ | সংশ্লিষ্ট সংস্থার প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন। |
| ৯ | জাতীয় সংসদের সংশ্লিষ্ট সংস্থার প্রশ্নোত্তর (উন্নয়ন সংক্রান্ত) |
| ১০ | প্রকল্পের জমির হুকুম দখল/অধিগ্রহণ সংক্রান্ত সংশ্লিষ্ট কার্যাদি। |
| ১১ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলা একাডেমী, গণগ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর, দুইটি উপজাতীয় সাংস্কৃতিক ইন্সটিটিউট (রাংগামাটি ও বান্দরবান), উপজাতীয় কালচারাল একাডেমী বিরিশিরি, নেত্রকোণা, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র পেশকৃত প্রকল্প পরীক্ষা-নিরীক্ষা, প্রক্রিয়াকরণ ও চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ, প্রকল্পের অনুকূলে অর্থ বিমুক্তি ছাড়করণ, প্রকল্পের পদ সৃষ্টি এবং উন্নয়ন বাজেটের পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তরিতকরণ কার্যাবলী। |
| ২ | মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের উপর মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠান। |
| ৩ | বিদেশী দাতা সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট সংস্থার প্রকল্পসমূহের বিষয়ে যোগাযোগ রক্ষা করা। |
| ৪ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়ন, তদারকীকরণ, পরিদর্শন এবং প্রকল্প সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনসহ সরকারের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা। |
| ৫ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহের সঙ্গে যুক্ত প্রশিক্ষণ, ভ্রমণ ও ক্রয় সংক্রান্ত কার্যাবলী। |
| ৬ | বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার প্রকল্পসমূহ পরীক্ষাকরণ ও মতামত প্রদান। |
| ৭ | মন্ত্রিপরিষদ বিভাগের জন্য প্রতিবেদন প্রণয়ন। |
| ৮ | আই.এম.ই.ডি-এর প্রতিবেদন সংক্রান্ত কার্যাবলী। |
| ৯ | কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাজ। |

## পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৩

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | বাংলা একাডেমী, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, নজরুল ইন্সটিটিউট, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, কপিরাইট অফিস পেশকৃত প্রকল্প পরীক্ষা-নিরীক্ষা, প্রক্রিয়াকরণ ও চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ, প্রকল্পের অনুকূলে অর্থ বিমুক্তি ছাড়করণ, প্রকল্পের পদসৃষ্টি এবং উন্নয়ন বাজেটের পদসমূহ রাজস্ব বাজেটে স্থানান্তরিতকরণ কার্যাবলী। |
| ২ | বিদেশী দাতা সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট সংস্থার প্রকল্পসমূহের বিষয়ে যোগাযোগ রক্ষা করা। |
| ৩ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়ন, তদারকীকরণ, পরিদর্শন, মনিটরিং, মূল্যায়ন এবং প্রকল্প সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশনসহ সরকারের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা। |
| ৪ | সংশ্লিষ্ট প্রকল্পসমূহের সঙ্গে যুক্ত প্রশিক্ষণ, ভ্রমণ ও ক্রয় সংক্রান্ত কার্যাবলী। |

## জনসংযোগ কর্মকর্তা (সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার) ঃ

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১ | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীর অনুষ্ঠানসমূহের মিডিয়া কভারেজ। |
| ২ | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সকল উন্নয়নমূলক কর্মকাণ্ড গণমাধ্যমসমূহে তুলে ধরা। |
| ৩ | মন্ত্রণালয় কর্তৃক উদ্‌যাপিত জাতীয় গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানসমূহের যাবতীয় প্রচার কার্যক্রম। |
| ৪ | মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ কর্মসূচীসমূহ সমন্বিতভাবে সংবাদ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা। |
| ৫ | মন্ত্রণালয়ের পক্ষে প্রেস কনফারেন্স ও প্রেস ব্রিফিং এর আয়োজন করা। |
| ৬ | মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক সরকারের উন্নয়নমূলক এবং তথ্যসমৃদ্ধ প্রকাশনা প্রকাশের ক্ষেত্রে সমন্বয় সাধন করা। |
| ৭ | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী ও সচিব মহোদয় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন। |

পরিশিষ্ট-'খ'

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ তালিকা ঃ

### বিষয় (১) ঃ প্রশাসনিক ক্ষমতা অর্পণ তালিকা ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | অর্পিত ক্ষমতা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | সচিব/ভারপ্রাপ্ত সচিব | যুগ্ম-সচিব | উপ-সচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সম পদমর্যাদা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | নীতি নির্ধারণ সংক্রান্ত বিষয়াদি | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ২। | বিধি/বিধান ও নির্দেশানুসারে সচিবের উপর অর্পিত ক্ষমতা সম্পর্কিত বিষয়সমূহ। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৩। | আইন/বিধি/বিধান/নীতিমালা প্রণয়ন ও সংশোধন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৪। | মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধানমন্ত্রী/মন্ত্রিপরিষদ/কাউন্সিল কমিটির বিবেচনার জন্য উপস্থাপনযোগ্য বিষয়সমূহ। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৫। | সচিব কমিটিতে নিকার/একনেক/মন্ত্রিসভায় উপস্থাপনযোগ্য বিষয়। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৬। | জাতীয় সংসদের প্রশ্নোত্তর, জনগুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণী প্রস্তাব, মূলতবী প্রস্তাব সংক্রান্ত বিষয়সমূহ। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৭। | পাবলিক একাউন্টস কমিটিসহ অন্যান্য সংসদীয় কমিটিতে উপস্থাপনযোগ্য বিষয়সমূহ। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৮। | গণমাধ্যমে মন্ত্রণালয়ের পক্ষ হতে ভাষ্য প্রদান (প্রেস রিলিজ)। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৯। | নিয়োগবিধি প্রণয়ন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ১০। | বৈদেশিক চাকুরীতে সরকারী মনোনয়ন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ১১। | চাকুরী জীবন পরিকল্পনা নীতিমালা প্রণয়ন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ১২। | নিয়োগ (সরাসরি/পদোন্নতি)। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ১৩। | বদলী/পদায়ন। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ১৪। | বৈদেশিক প্রশিক্ষণঃ<br>(ক) বৃত্তি বন্টন;<br>(খ) বাছাই কমিটি;<br>(গ) বৈদেশিক বৃত্তির জন্য প্রার্থী মনোনয়ন;<br>(ঘ) বৈদেশিক প্রশিক্ষণের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | .. | ... | .. | .. |
| ১৫। | চাকুরী জীবন পরিকল্পনা নীতিমালা প্রণয়ন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ১৬। | নিয়োগঃ (সরাসরি পদোন্নতি)। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ১৭। | বদলী/পদায়ন। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ১৮। | চলতি দায়িত্ব/অতিরিক্ত দায়িত্ব এবং দায়িত্ব ভাতা প্রদান। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ১৯। | সম্মানী ভাতা প্রদান। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |

৮

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২০। | টেন্ডার মূল্যায়ন কমিটি গঠন ও দরপত্র অনুমোদন। | পূর্ণ ক্ষমতা (পিপিআর ২০০৮ মোতাবেক) | .. | .. | .. | .. |
| ২১। | পারিশ্রমিক (ফি) গ্রহণ এবং এতদসংক্রান্ত কাজের জন্য অনুমতি প্রদান। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ২২। | ভ্রমণ অনুমোদন ও ভ্রমণ বিবরণী প্রতিস্বাক্ষর। | যুগ্ম-সচিব ও তদূর্ধ্ব কর্মকর্তা | উপ-সচিবসহ ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ২৩। | পেনশন মঞ্জুরীর ক্ষেত্রে চাকুরীর ধারাবাহিকতা। | উপ-সচিব ও তদূর্ধ্ব কর্মকর্তা | অন্যান্য ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ২৪। | বেসরকারী ডাক্তার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট গ্রহণের ক্ষমতা (রুল-১৯, বিএসআর-২)। | .. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ২৫। | পেনশন প্রাপ্যতার জন্য বয়সের সীমা প্রমার্জন (রুল-৩০৫, বিএসআর-১)। | ১ম শ্রেণীর ক্যাডার বহির্ভূত কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ২৬। | (ক) অবসর গ্রহণের অনুমতি ও অবসর ভাতা মঞ্জুরী (সুপার এ্যানুয়েশন);<br>(খ) স্বেচ্ছায় অবসর গ্রহণের অনুমতি;<br>(গ) চাকুরী হতে অবসর গ্রহণ আদেশ-সরকারী কর্মচারী (অবসর) বিধি/ আইন ১৯৭৪ এর ৯ধারা অনুযায়ী। | ১ম শ্রেণীর ক্যাডার বহির্ভূত কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও চর্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ২৭। | অস্থায়ী পদের মেয়াদ সংরক্ষণ (প্রচলিত নিয়মানুসারে)। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ২৮। | শৃঙ্খলা বিধি মোতাবেক দায়েরযোগ্য মামলার সূচনা ও নিষ্পত্তিকরণ (সংশ্লিষ্ট বিধি মোতাবেক)। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২৯। | শৃঙ্খলা ও আপীল বিধি অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীদের আপীল আবেদন। | সংস্থা প্রধান/যুগ্ম-সচিব ও সমপর্যায় কর্মকর্তাদের আদেশের বিরুদ্ধে | উপ-সচিব ও সমপর্যায় কর্মকর্তাদের আদেশের বিরুদ্ধে | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ও সমপর্যায় কর্মকর্তাদের আদেশের বিরুদ্ধে | .. | .. |
| ৩০। | নন-গেজেটেড কর্মচারীদের চাকুরী বৃত্তান্ত যাচাই/নিরীক্ষা। | .. | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. |
| ৩১। | কর্মকর্তা/কর্মচারীদের বিনোদনমূলক ছুটিসহ সকল ছুটি ও ভাতা প্রদান (বহিঃ বাংলাদেশ ব্যতীত)। | যুগ্ম-সচিব ও তদূর্ধ পর্যায়ের কর্মকর্তা | উপ-সচিবসহ ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ৩২। | দক্ষতাসীমা অতিক্রম। | ১ম শ্রেণীর ক্যাডার বহির্ভূত কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ৩৩। | নন-গেজেটেড কর্মচারীদের বাৎসরিক বেতন বৃদ্ধি অনুমোদন। | .. | .. | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ৩৪। | মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত কর্মকর্তা ও কর্মচারী সম্পর্কিত বিষয়াবলী। | ১ম শ্রেণীর ক্যাডার বহির্ভূত কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ৩৫। | ভ্রমণ বিলে প্রতিস্বাক্ষর। | যুগ্ম-সচিব ও তদূর্ধ পর্যায়ের কর্মকর্তা | উপ-সচিবসহ ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. |
| ৩৬। | (ক) উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারী আত্মীকরণ; | ১ম শ্রেণীর কর্মকর্তা (সংশ্লিষ্ট বিধি সাপেক্ষে) | ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী (সংশ্লিষ্ট বিধি সাপেক্ষে) | .. | .. | .. |
| | (খ) উদ্বৃত্ত কর্মচারী না থাকলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার কর্মচারী নিয়োগের জন্য ছাড়পত্র সংক্রান্ত বিষয়। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩৭। | মন্ত্রণালয়ের ডি.ডি.ও নিয়োগ। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৩৮। | মন্ত্রণালয়ের ষ্টেশনারী মালামালের জন্য ইন্ডেনটিং অফিসার নিয়োগ। | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. | .. |
| ৩৯। | অন্তবর্তীকালীন উত্তর/কোন পত্রের প্রাপ্তিস্বীকার ও তাগিদ প্রদান। | .. | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. |
| ৪০। | নথিপত্রের শ্রেণীবিন্যাস, সংরক্ষণ ও বিনষ্টকরণ (নিয়মানুসারে)। | .. | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. |
| ৪১। | নির্দেশানুসারে প্রতিবেদন/বিবরণ ইত্যাদি প্রস্তুত ও প্রেরণ। | .. | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. |
| ৪২। | বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা হইতে প্রাপ্ত প্রস্তাবের সমীক্ষা, মূল্যায়ন ও উপস্থাপন। | .. | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. |
| ৪৩। | সেমিনার ও অভ্যন্তরীণ প্রশিক্ষণে মনোনয়ন। | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | .. | .. |
| ৪৪। | বিদেশ প্রশিক্ষণে মনোনয়ন। | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. | .. |
| ৪৫। | বিভাগীয় আওতাধীন বাসা বরাদ্দ। | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. | .. |
| ৪৬। | যন্ত্রপাতি/মালামাল অকেজো ঘোষণা। | .. | পূর্ণ ক্ষমতা | .. | .. | .. |
| ৪৭। | ব্যবহারের অযোগ্য দ্রব্য সামগ্রী বিক্রয়। | .. | .. | পূর্ণ ক্ষমতা | .. | .. |

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ তালিকা ঃ

### বিষয় (২) ঃ আর্থিক ক্ষমতা অর্পণ তালিকা

| ক্রমিক নং | কাজের বিবরণ | অর্পিত ক্ষমতা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | সচিব/ভারপ্রাপ্ত সচিব | যুগ্ম-সচিব | উপ-সচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সমপদমর্যাদা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | পদ সৃষ্টি (প্রচলিত বিধান অনুযায়ী)। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২ | পদ বিলোপ (প্রচলিত বিধান অনুযায়ী)। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩ | বাজেটে বরাদ্দকৃত অর্থের উপযোজন/পুনঃউপযোজন। | | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪ | চুরি, জালিয়াতি ইত্যাদি কারণে অপ্রাপ্যযোগ্য সরকারী অর্থ ও উপকরণের মূল্য অবলোপন। | লক্ষ টাকার উর্ধ্বে | লক্ষ টাকা অবধি | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫০,০০০ টাকা | -- | -- |
| ৫ | নন-গেজেটেড কর্মচারীদের বেতন, বিশেষ বেতন ও ব্যক্তিগত দাবীর নিস্পত্তি। | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৬ | পুরাতন যানবাহনের প্রতিস্থাপন (নিয়মানুযায়ী গাড়ী অচল ঘোষণা করা এবং বাজেট বরাদ্দ সাপেক্ষে। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৭ | যানবাহন মেরামত (নির্দিষ্ট শর্তে) কোড (৪৯০১)। | ৫০,০০০ টাকার উর্ধ্বে | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৮ | কম্পিউটার/অফিস সরঞ্জাম/ফ্যাক্স/ফটোস্ট্যাট মেরামত কোড (৪৯১১)। | ২০,০০০ টাকার ঊর্ধ্বে | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | - |
| ৯ | জ্বালানী ও লুব্রিকেন্ট ক্রয় কোড (৪৮২৩)। | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | --- | - |
| ১০ | কম্পিউটার/যন্ত্রাংশ সংগ্রহ/ক্রয় কোড (৬৮১৫)। | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | |
| ১১ | প্রশিক্ষণ ব্যয় কোড (৪৮৪০)। | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | |
| ১২ | আসবাবপত্র ক্রয় কোড (৬৮২১)। | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | |
| ১৩ | অফিস সরঞ্জাম ক্রয়/সংগ্রহ কোড (৬৮১৯) | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | |
| ১৪ | কম্পিউটার/ল্যাপটপ/ফ্যাক্স/ফটোকপিয়ার/মাল্টিমিডিয়া/প্রজেক্টর/স্ক্যানার/সার্ভার ক্রয় (নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী) কোড (৬৮১৫)। | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | সাময়িকী ও পত্র পত্রিকা ক্রয়/বই পুস্তক ও মানচিত্র ক্রয় কোড (৪৮৩১)। | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ১৬ | পরিবহন ব্যয় কোড (৪৮৪৬)। | - | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০,০০০ টাকা | পূর্ণ ক্ষমতা | - |
| ১৭ | ডাক, টেলিগ্রাফ, টেলিফোন, ইন্টারনেট, মোবাইল ইত্যাদির ব্যয় পরিশোধ বাবদ ব্যয়-কোড (৪৮১৬)। | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ১৮ | সার্ভিস ষ্ট্যাম্প ক্রয় কোড (৪৮১৪)। | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ১৯ | আনুষংগিক খাত হইতে অর্থ মঞ্জুরী (নির্ধারিত শর্তে)-কোড (৪৮৯৯)<br>(ক) বাজেট বরাদ্দের মধ্যে নির্দিষ্ট জিনিসের জন্য; | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| | (খ) বাজেট বরাদ্দের মধ্যে অনির্দিষ্ট জিনিসের জন্য ঃ-<br>(১) মনোহারী দ্রব্যের ক্রয়; | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | - |
| | (২) অফিসের আসবাবপত্র/যানবাহন/যন্ত্রপাতি ভাড়ায় গ্রহণ | | পূর্ণ ক্ষমতা | ৫০০০ টাকা অবধি | - | - |
| | (৩) পোশাক (লিভারিজ) ক্রয় (নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী) | | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০০ টাকা | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | (৪) রেকর্ডপত্র পরিবহন বাবদ ব্যয়; | | | পূর্ণ ক্ষমতা | | |
| | (৫) আইনজীবীর পারিশ্রমিক (ফি); | পূর্ণ ক্ষমতা | | | | |
| | (৬) আইন ও বিচারের রায় অনুসারে ক্ষতিপূরণ প্রদান; | পূর্ণ ক্ষমতা | | | | |
| | (৭) ছুটির বেতন ছাড়া প্রাতিষ্ঠানিক বেতন ও ভাতা প্রদান; | | | | পূর্ণ ক্ষমতা | |
| | (৮) বিজ্ঞাপন; | | পূর্ণ ক্ষমতা | | | |
| | (৯) অনাবাসিক ভবনের মাসিক ভাড়া মঞ্জুরী (প্রচলিত বিধান অনুযায়ী ); | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২৫০০০ টাকা | | | |
| | (১০) (ক) উপদেষ্টা/মন্ত্রী/প্রতিমন্ত্রীদের আপ্যায়ন ব্যয় (প্রচলিত নিয়ম অনুসারে) | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০ টাকা | |
| | (খ) সভা সম্মেলন বাবদ আপ্যায়ন ব্যয় (প্রচলিত নিয়ম অনুসারে); | | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০ টাকা | |
| | (গ) বিদেশী প্রতিনিধি/সম্মানিত অতিথিদের আহার, বাসস্থান ও আনুষঙ্গিক ব্যয় (প্রচলিত বিধি মোতাবেক); | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২০০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫০০০ টাকা | | |
| | (১১) কুলি ভাড়া এবং শ্রমিকদের পারিশ্রমিক। | | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০ টাকা | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | (১২) অনুদান ও কপি করার ফি প্রদান | | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০ টাকা | |
| | (১৩) বাঁধাই কাজের ব্যয়.। | | | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০০০ টাকা | |
| | (১৪) সরকারী ছাপাখানা ছাড়া অন্য ছাপাখানার ছাপার খরচ। | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২৫০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২,০০০ টাকা | |
| | (১৫) আনুষঙ্গিক ব্যয়ের জন্য অগ্রিম প্রদান। | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২,০০০ টাকা | |
| | (১৬) অন্যান্য আনুষঙ্গিক ব্যয়। | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ১৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২,০০০ টাকা | |
| ২০ | সাংস্কৃতিক চুক্তি বাস্তবায়ন বরাদ্দ ব্যয়। | পূর্ণ ক্ষমতা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ৫০,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছরে সর্বোচ্চ ২৫,০০০ টাকা | সংশ্লিষ্ট অর্থ বছওে সর্বোচ্চ ২,০০০ টাকা | |
| ২১ | বিভিন্ন অনুদান মঞ্জুরী। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| | (ক) আবাসিক/ দাপ্তরিক টেলিফোন মঞ্জুরী; | | পূর্ণ ক্ষমতা | | | |
| | (খ) আবাসিক টেলিফোন ব্যক্তিগতকরণ/ স্থানান্তর; | | পূর্ণ ক্ষমতা | | - | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | (গ) আবাসিক টেলিফোন বিল পরিশোধ (সিলিং মোতাবেক); | | | | পূর্ণ ক্ষমতা | |
| ২২ | (ক) ভ্রমণ ভাতার অগ্রিম প্রদান; | যুগ্ম-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা | উপ-সচিবসহ ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | |
| | (খ) সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মকর্তা বিভাগীয় তদন্তে উপস্থিতির কারণে ভ্রমণ ভাতা মঞ্জুরী (রুল-১৩৬, বি এস আর-২); | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | |
| ২৩ | (ক) গৃহ নির্মাণ / মটর গাড়ী / কম্পিউটার অগ্রিম কোড (৭৪০১/৭৪০৩/৭৪১১); | ১ম শ্রেণীর কর্মকর্তা | ২য় শ্রেণীর কর্মকর্তা, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী | - | - | - |
| | (খ) ভবিষ্য তহবিল হইতে অগ্রিম প্রদান (প্রচলিত বিধি মোতাবেক); | যুগ্ম-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা | উপ-সচিবসহ ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা | ৩য় শ্রেণীর কর্মচারী | ৪র্থ শ্রেণীর কর্মচারী | |
| ২৪ | মটর সাইকেল ও বাইসাইকেল ক্রয়ের জন্য অগ্রিম প্রদান কোড; | - | - | পূর্ণ ক্ষমতা (মটর সাইকেল) | পূর্ণ ক্ষমতা (বাইসাইকেল) | - |
| ২৫ | ভবিষ্য তহবিল অগ্রিম আদায় স্থগিতকরণ (দুই বৎসরের অনধিক)। | - | পূর্ণ ক্ষমতা | - | - | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | মৃত ব্যক্তির উত্তরাধিকার সার্টিফিকেটের প্রেক্ষিতে ভবিষ্য তহবিলে চূড়ান্ত পরিশোধের অনুমতি। | - | পূর্ণ ক্ষমতা | ১৫,০০০ টাকা অবধি | - | |
| ২৭ | বাজেটের অর্থ সংরক্ষণ এবং অর্থ বিভাগের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে আনুষঙ্গিক ব্যয়ের মঞ্জুরী প্রদান। | - | পূর্ণ ক্ষমতা | - | - | |
| ২৮ | অন্যান্য আনুষঙ্গিক অনাবর্তক ব্যয় যাহা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করা যায় নাই। | | পূর্ণ ক্ষমতা | - | - | |
| ২৯ | অনুমোদিত উন্নয়ন প্রকল্পের প্রশাসনিক অনুমোদন। | পূর্ণ ক্ষমতা | - | - | - | |
| ৩০ | উন্নয়ন প্রকল্পের যানবাহন মেরামত। | এককালীন ২০,০০০ টাকা (অর্থ মন্ত্রণালয়ের অন্যান্য শর্ত মোতাবেক) | এককালীন ১০,০০০ টাকা (অর্থ মন্ত্রণালয়ের অন্যান্য শর্ত মোতাবেক) | এককালীন ৫,০০০ টাকা (অর্থ মন্ত্রণালয়ের অন্যান্য শর্ত মোতাবেক) | - | - |
| ৩১ | অফিসের যান্ত্রিক কাজের জন্য ব্যবহারযোগ্য দ্রব্যাদি ক্রয়। | পূর্ণ ক্ষমতা (প্রকল্প ও বাজেট বরাদ্দ) | ২৫,০০০ টাকা (প্রকল্প ও বাজেট বরাদ্দ) | ১০,০০০ টাকা (প্রকল্প ও বাজেট বরাদ্দ) | - | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩২ | বাড়িভাড়া (অনাবাসিক)। | পূর্ণ ক্ষমতা (প্রকল্প ও বাজেটে বরাদ্দ এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্ত মোতাবেক) | মাসিক ভাড়া ১০,০০০ টাকা পর্যন্ত (প্রকল্প ও বাজেট বরাদ্দ) | মাসিক ভাড়া ৫,০০০ টাকা পর্যন্ত (প্রকল্প ও বাজেটে বরাদ্দ এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্ত মোতাবেক) | - | - |
| ৩৩ | গৃহনির্মাণ ঋণ, মটর গাড়ি অগ্রিম বাবত অর্থ পরিশোধে অক্ষমতার আবেদন অর্থ বিভাগে প্রেরণ সংক্রান্ত। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩৪ | উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়করণ। | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |



বাঃসঃমুঃ-২০০৯/১০-৩৮০৫কম/এ-২০০ বই-২০১০।

আঃ রাজ্জাক
প্রশাসনিক কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার